



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/14/2022

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল 2022 সালের প্রথম বিনামূল্যে মাছ ধরার সপ্তাহান্ত ঘোষণা করলেন

নিউ ইয়র্কবাসীরা 19-20 ফেব্রুয়ারি লাইসেন্স ছাড়া মাছ ধরতে পারবে

DEC ঘরের বাইরে থাকা অবস্থায় বরফ নিরাপত্তা অনুশীলনসমূহ করার জন্য নিউ ইয়র্কবাসীকে তাগিদ দিচ্ছে

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্কবাসীকে 19 ও 20 ফেব্রুয়ারি স্টেটের 2022 সালের প্রথম বিনামূল্যে মাছ ধরার সপ্তাহান্তের (Free Fishing Weekend) সুবিধা নেওয়ার জন্য উৎসাহিত করেছেন, যখন মিঠাপানির মৎস্যশিকারীদের লাইসেন্স ছাড়া বিনামূল্যে মাছ ধরার অনুমতি প্রদান করা হবে।

"নিউ ইয়র্ক স্টেটে অনেক দারুণ মাছ ধরার স্থান রয়েছে, এবং আমি নতুন ও অভিজ্ঞ উভয় ধরনের মৎস্যশিকারীদেরকে বার্ষিক ফেব্রুয়ারির বিনামূল্যে মাছ ধরার দিবসের (February Free Fishing Day) সুবিধা নেওয়ার জন্য উৎসাহিত করছি, যা সকলকে কোনও খরচ ছাড়াই ঘরের বাইরের দুর্দান্ত পরিবেশ উপভোগ করার এবং পরিবার ও বন্ধুদেরকে একটি নতুন শখের সাথে পরিচয় করিয়ে দেওয়ার সুযোগ প্রদান করে," **গভর্নর হোকল বলেন।** "ঘরের বাইরে গিয়ে নিউ ইয়র্কের প্রাকৃতিক সৌন্দর্য উপভোগ করা হলো নিউ ইয়র্কের বহু বিশ্বমানের মাছ ধরার গন্তব্যের যেকোনও একটিতে মজা করা এবং পুনর্জীবিত হওয়ার নিখুঁত উপায়। আপনার স্থানীয় ফিশারিতে যাওয়া বিনোদনমূলক আনন্দ প্রদান করে এবং একই সাথে স্টেটব্যাপী স্থানীয় অর্থনীতিকে সমর্থনকারী একটি অতি জরুরি অর্থনৈতিক উৎপাদক হিসেবেও কাজ করে।"

নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজারভেশনের (New York State Department of Environmental Conservation, DEC) কমিশনার বেসিল সেগোস বলেন, "বার্ষিক ফেব্রুয়ারি বিনামূল্যে মাছ ধরার সপ্তাহান্ত হলো ঘরের বাইরে গিয়ে নিউ ইয়র্কের ব্যাপক ব্যাপ্তির শীতকালীন মাছ ধরার সুযোগ নেওয়ার জন্য এবং প্রথমবারের মতো মাছ ধরবে যারা তাদের বরফে মাছ ধরা কেমন তা দেখার জন্য নিরাপদে চলাচলের জন্য পর্যাপ্ত পুরু বরফসহ পানিতে যাওয়ার জন্য একটি নিখুঁত সময়। বরফে মাছ ধরা বন্ধু ও পরিবারের সাথে ঘরের বাইরে একত্রে সময় কাটানোর একটি দারুণ উপায়। এবং আবহাওয়া ঠিক থাকলে, বরফে মাছ ধরা, বরফে স্কেটিং, স্নো শুষিৎ, ক্রস কান্ট্রি স্কিয়ারের মতো ঘরের বাইরের অন্যান্য কর্মকাণ্ডের মতোই সহজে উপভোগ করা যায়।"

বরফে মাছ ধরার ক্ষেত্রে নবিশদেরকে কীভাবে শুরু করতে হবে সে ব্যাপারে তথ্যের জন্য DEC-র [আই ফিশ নিউ ইয়র্ক বিগিনার্স গাইড টু ফ্রেশওয়াটার ফিশিংয়ের \(I FISH NY Beginners' Guide to Freshwater Fishing\) আইস ফিশিং চ্যাপ্টার \(Ice Fishing Chapter\)](#) ডাউনলোড করতে উৎসাহিত করা হচ্ছে। বরফে মাছ ধরা শুরু করার জন্য "কীভাবে করতে হয়" ভিডিওর একটি সিরিজ [DEC-র ইউটিউব চ্যানেলে](#) উপলভ্য আছে। কোন পানিতে বরফে মাছ ধরার অনুমতি রয়েছে তার তালিকাসহ অতিরিক্ত তথ্য পাওয়া যাবে DEC-র [আইস ফিশিং](#) ওয়েবসাইটে।

সাম্প্রতিক ঠাণ্ডা আবহাওয়া পুরো স্টেটে বরফ পরিস্থিতির উন্নতি করেছে। যারা বরফে যাওয়ার ঝুঁকি নিচ্ছেন তাদেরকে DEC স্মরণ করিয়ে দিতে চায় যে পায়ে হেঁটে পানিতে প্রবেশ করার জন্য চার ইঞ্চি বা তার বেশি কঠিন বরফ নিরাপদ বলে বিবেচনা করা হয়। আইস অ্যাঙ্গলারদের মনে রাখা উচিত যে বিভিন্ন জলসীমায় এবং এমনকি জলসীমায় বরফের পুরুত্ব ভিন্ন হতে পারে। মৎস্য-শিকারীদের বিশেষত চলমান জলের ক্ষেত্র এবং নৌকার খাঁড়ি এবং বাড়ির আশেপাশে সতর্ক থাকতে হবে যেখানে বরফের জমা কমাতে বাবলারের ব্যবস্থা করা হতে পারে। বরফের উপরে স্লোমোবাইলের ছাপ বা পায়ের চিহ্নের উপস্থিতি নিরাপদ বরফের অবস্থার প্রমাণ হিসাবে গ্রহণ করা উচিত নয়। ব্যক্তিদের বরফের অবস্থা পরীক্ষা করতে এবং এমন পরিস্থিতি এড়াতে দৃঢ়ভাবে উৎসাহিত করা হয় যা খুব কম ঝুঁকিপূর্ণ বলে মনে হতে পারে। একটি অগার বা স্পাড দিয়ে বরফের পুরুত্ব পরীক্ষা করার আগে আরো জানতে DEC-র ওয়েবসাইট <https://www.dec.ny.gov/outdoor/119684.html> ভিজিট করুন।

1991 সালে নিউ ইয়র্কের [বিনামূল্যে মাছ ধরার দিবস কর্মসূচী](#) শুরু করা হয় যাতে মাছ ধরে না এমন মানুষকে বিনা খরচে এই আকর্ষণীয় ক্রীড়ার সুযোগ করে দেওয়া যায়, মানুষকে একটি নতুন শখের সাথে পরিচয় করিয়ে দেওয়া যায় এবং [নিউ ইয়র্ক স্টেটে একটি মাছ ধরার লাইসেন্স](#) ক্রয় করার মাধ্যমে স্টেটের মিঠা পানির ফিশারিগুলির ব্যবস্থাপনাকে সমর্থন করার ক্ষেত্রে মানুষকে উৎসাহিত করা যায়। ফেব্রুয়ারি মাসের বিনামূল্যে মাছ ধরার দিবসগুলি হলো 2022 সালের জন্য এধরনের পরিকল্পিত দিনগুলির মধ্যে প্রথম। আরো বিনামূল্যে মাছ ধরার দিবসের মধ্যে রয়েছে 25 ও 26 জুন, 24 সেপ্টেম্বর (জাতীয় শিকার ও মাছ ধরার দিবস (National Hunting and Fishing Day)) এবং 11 নভেম্বর (ভেটেরানস ডে (Veterans Day))। বিনামূল্যে মাছ ধরার দিনগুলোতে, বাসিন্দা এবং দর্শনার্থীরা স্টেটের 7,500 হ্রদ এবং পুকুর বা 70,000 মাইল বিশিষ্ট নদী এবং জলপ্রবাহের যেকোনটিতে বিনামূল্যে মাছ ধরতে পারেন। [মিঠাপানিতে মাছ ধরার বাকি সকল প্রবিধান](#) প্রযোজ্য থাকবে।

নিউ ইয়র্কে মাছ ধরা এবং শিকার, মাছ এবং বন্যপ্রাণী সম্পদ এবং আবাসস্থলের প্রতি একটি জিন্মাদারীত্বের ধারণা তৈরি করে, অভিজ্ঞ শিকারী এবং মৎস্যশিকারীদেরকে তাদের জ্ঞান অন্যদের সাথে ভাগ করে নেওয়ার সুযোগ দেয়, এবং তরুণ শিকারী এবং মৎস্যশিকারীদের পরামর্শ প্রদানের মাধ্যমে শিকার, মাছ ধরা এবং বিনোদনমূলক শ্যুটিংয়ে অংশগ্রহণ বৃদ্ধি করে। নিউ ইয়র্কের শিকারী এবং মৎস্যশিকারীরা ব্যয়ের অর্থনীতিতে আনুমানিক 4.9 বিলিয়ন মার্কিন ডলার অবদান রাখে, যা 56,000-র বেশি চাকরি এবং স্টেট ও স্থানীয় 623 মিলিয়ন ডলারের বেশি করের যোগান দেয়।

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418